

RBI/2004-05/348

DCM (RMMT) No.1403/11.37.01/2004-05

জানুয়ারি ১৯, ২০০৫

চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর,  
সকল সরকারী ও বেসরকারী ক্ষেত্রের ব্যাংক

মাননীয় মহাশয়,

**ব্যাংকের শাখা কর্তৃক মুদ্রা গ্রহণে অস্বীকার**

অনুগ্রহপূর্বক আমাদের ২টি বিজ্ঞপ্তি নং DCM (RMMT) No.404/11.37.01/2003-04 তারিখ অক্টোবর ৯, ২০০৩ এবং DCM (RMMT) No.1181/11.37.01/2003-04 তারিখ এপ্রিল ৫, ২০০৪-র উল্লেখ করুন যাতে উপদেশ দেওয়া হচ্ছে যে জনগণের অংশ থেকে কোন প্রতিবন্ধকতা ছাড়া সকল মূল্যের মুদ্রা গ্রহণে আপনার শাখাগুলিকে নিশ্চিত করতে হবে। যাইহোক, দেশের বিভিন্ন অংশে ব্যাংক কর্তৃক মুদ্রা গ্রহণে অস্বীকার বিষয়ক অভিযোগপত্র আমরা/সরকার পেয়ে চলেছি/চলেছে এবং সমালোচনামূলক প্রতিবেদন প্রায়শই সংবাদমাধ্যমে প্রকাশিত হচ্ছে। এই ধরনের ঘটনার (সুনামের ঝুঁকি) যেন পুনরাবৃত্তি না হয়। আপনি কর্মচারীদের নির্দিষ্ট সময় অন্তর অন্তর স্মরণ করান যাতে গ্রাহকদের কাছ থেকে কোনরূপ অভিযোগ না আসে। তাছাড়া, রিজিওনাল ম্যানেজার/জোনাল ম্যানেজার কর্তৃক হঠাৎ পরিদর্শন বিষয়ক নির্দেশাবলি যাতে শাখাগুলির মুদ্রাগ্রহণ নির্দেশাবলী সংক্রান্ত সম্মতি পর্যালোচনা এবং কেন্দ্রীয় কার্যালয়ে সেই বিবরণী পুনরোলচনা (আমাদের বিজ্ঞপ্তি তাং এপ্রিল ৫, ২০০৫, অনুচ্ছেদ ৪) যেন দৃঢ়তার সঙ্গে মেনে চলা হয়।

অনুগ্রহপূর্বক প্রাপ্তিস্বীকার করবেন।

ইতি ভবদীয়

(ইউ. এস. পালিওয়াল)  
চীফ জেনারেল ম্যানেজার